মুজিবনগর সীমান্ত দিয়ে ভারত থেকে ১০ জন পুশ ইন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার নাজিরাকোনা সীমান্ত দিয়ে ভারত থেকে ১০ জন পুশ ইন হয়েছে। ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ তাদেরকে আজ বৃস্পতিবার ভোরের দিকে পাঠিয়ে দেয়। পুশ ইন হয়ে আসা লোকজন তাদের নিজ বাড়ির উদ্দেশ্যে ফিরে গেছে। তাদের বাড়ি যশোর, সাতক্ষীরাসহ বিভিন্ন জেলায়।

স্থানীয় সুত্রে জানা গেছে, ভোর চারটার দিকে নাজিরাকোনা সীমান্তের কাটাতারের গেট খুলে দেয় বিএসএফ। এসময় ১০ জন ভারত থেকে বাংলাদেশ সীমান্তে প্রবেশ করে। পায়ে হেঁটে তারা নাজিরাকোনা গ্রামের ভেতরে গিয়ে ভ্যানযোগে মুজিবনগর উপজেলা শহর কেদারগঞ্জে পৌঁছায় ভোরের দিকে। সেখানে স্থানীয় সাংবাদিকরা তাদের গন্তব্যে ফেরার ভিডিও ধারণ করেন।

পুশ ইন হয়ে আসা কয়েকজন নাম প্রকাশ না করার শর্তে বলেন, তারা সকলেই দরিদ্র। কাজের খোঁজে অনেক আগে তারা ভারতে গিয়েছিলেন। সেখানে শ্রমিকের কাজ করার এক পর্যায়ে তারা ভারতীয় পুলিশের হাতে আটক হয়। বেশ কিছুদিন হাজতবাসের পর গেল রাতে তাদেরকে আনা হয় নাজিরাকোনা সীমান্তে। সেখানে তাদের আঙ্গুলের ছাপ নেয় বিএসএফ সদস্যরা। এক পর্যায়ে কাটাতারের গেট খুলে তাদেরকে বাংলাদেশের ভেতরে পাঠিয়ে দেয়।

মুজিবনগর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উজ্জল দত্ত জানান, পুশব্যাকের বিষয়টি পুলিশের কাছে কোন তথ্য নেই। বিজিবির কাছে কোন তথ্য আছে কি না তাও জানা নেই।

তবে পুশব্যাকের বিষয়ে জানতে চেয়ে বিজিবি মুজিবনগর নাজিরাকোনা বিওপি কমান্ডার বলেন, পুশব্যাকের কোন তথ্য আমাদের কাছে নেই।